গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
২৩-২৪, বিএফডিসি ভবন
কারওয়ান বাজার, ঢাকা।

## মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের শুদ্ধাচার সম্পর্কিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. সঞ্জীব সূত্রধর,(উপসচিব)
উপপরিচালক
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

তারিখ ও সময় : ২২/০৩/২০২৩; বেলা সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : সভাকক্ষ,মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা।

উপস্থিতি : সংযুক্ত ( পরিশিষ্ট-ক)।

মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের উপপরিচালক এবং শুদ্ধাচার সম্পর্কিত নৈতিকতা কমিটির সভাপতি ডা. সঞ্জীব সূত্রধর(উপসচিব) এর সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পঠিত হয় এবং পূর্ববর্তী সভার রেজুলেশন ও কার্যক্রম ঠিক আছে কি না যাচাই বাছায়ের উপর আলোচনা হয়। পরবর্তীতে মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের গণযোগযোগ কর্মকর্তা ও দপ্তরের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট (অতিরিক্ত দায়িত্ব) জনাব মো. সামছুল আলম জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের কর্ম-পরিকল্পনায় যে সকল কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে সে সকল বিষয়ে আলোকপাত করেন। বিশেষত পরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলো নিবিড়ভাবে সম্পাদনের জন্য কমিটির সভাপতি বিভিন্ন শাখায় কর্মরত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের মনোযোগ প্রদানের অনুরোধ করেন। সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যগণ আঞ্চলিক দপ্তরসমূহকে অনুরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-'২৩ এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থার ১.৫ নং এর অন্তর্ভুক্ত কর্ম-পরিবেশ উন্নয়নের ক্যাটাগরির উপর বিভিন্ন মতামত প্রদান করেন।

০২. সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ বর্তমান অর্থবছরে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে যে নির্দেশনা প্রদান করেছে তা শতভাগ অনুসরণ করে দপ্তরের কার্যক্রমসমূহকে সম্পন্ন করে পুরস্কার অর্জন করতে হবে। বিশেষ করে কার্যক্রম সম্পাদনের পর সম্পাদিত কার্যক্রমসমূহের যথাযথ প্রমাণক তাৎক্ষণিকভাবে সংরক্ষণের প্রতি গুরুত্ব আরোপ করেন তিনি। সভাপতি আরও বলেন, কর্মপরিকল্পনার ৩ নং ক্রমিকভুক্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলোতে স্বচ্ছতার সহিত দায়িত্ব পালন করতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়মিত মনিটরিং করতে হবে।

৩. বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| | |
|---|---|
| ১. | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-'২৩ এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থার ১.৩ নং এর অন্তর্ভুক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২টি সভার মধ্যে ২য় সভাটি আগামী মে/'২৩ এ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২. | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২২-'২৩ এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থার ১.৫ নং এর অন্তর্ভুক্ত কর্ম-পরিবেশ উন্নয়নের ক্যাটাগরিতে পুরণো নথি বিনষ্টকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩. | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২২-'২৩ এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থার ১.৬ নং এর অন্তর্ভুক্ত আওতাধীন মাঠ পর্যায়ের অফিস কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের জন্য আঞ্চলিক অফিসসমূহকে উপপরিচালক কতৃক চিঠি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪ | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২২-'২৩ এর শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় ৩.৪ নং এর অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ২টি গণশুনানি আগামী এপ্রিল মাসের শেষ সপ্তাহ এবং মে মাসে যথাক্রমে অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৫ | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২২-'২৩ এর শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় ৩.৩ নং এর অন্তর্ভুক্ত প্রচার কার্যক্রমের স্থির চিত্র ও ভিডিয়োর চিত্র তথ্য দপ্তরের নিজস্ব ফেইসবুক পেইজ এবং ইউটিউব চ্যানেলে তাৎক্ষণিকভাবে আপলোড করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৩/২০২৩
ডা. সঞ্জীব সূত্রধর,(উপসচিব)
উপপরিচালক
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা।

**২২/০৩/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার বিষয়ক ২০২২-২৩ এর নৈতিকতা কমিটির সভার উপস্থিতি।**

সময়: সকাল ১১.০০ ঘটিকা

স্থান: সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, বিএফডিসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা।

| ক্র:নং | সম্মানীত উপস্থিতির নাম, পদবী ও কর্মস্থল | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | ডা. সঞ্জীব সূত্রধর<br>উপপরিচালক (উপসচিব)<br>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01712-689625<br>sanjib-ict75@yahoo.com | |
| ০২ | ডা. মো. এনামুল কবীর<br>তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ)<br>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01712-561383<br>fituanamul@gmail.com | |
| ০৩ | মো. আমির হোসেন<br>অডিও ভিজ্যুয়াল ইকুইপমেন্ট মেকানিক<br>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01717836855<br>amir.hossan33@gmail.com | |
| ০৪ | মো. সামছুল আলম<br>গণযোগাযোগ কর্মকর্তা<br>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01746749020<br>alam4162@gmail.com | |
| ০৫ | আরিফুল ইসলাম<br>সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা<br>মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01741389409<br>sumon.ru77@gmail.com | |